

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুঞ্জলা অধিশাখা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৫.২০১৬- ৬০

তারিখঃ ২৫.০২.২০১৯খ্রিঃ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালার ৭(৬) বিধি (বর্তমান সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালার, ২০১৮ এর ৭(৯) বিধি) মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিস

যেহেতু, ডাঃ সাদিয়া শারমিন (১২৬০৮৯), সহকারী সার্জন, মহাজনপুর উপস্বাস্থ্য কেন্দ্র, মুজিবনগর, মেহেরপুর গত ১২.০৭.২০১২ খ্রিঃ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালার, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক “অসদাচরণ” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি” (বর্তমান সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালার, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’) এর দায়ে বিভাগীয় মামলা বুজু করে এ মন্ত্রণালয়ের ১২.১২.২০১৬ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৫.২০১৬-৮৯২ নং স্মারকমূলে ১ম কারণ-দর্শানোর নোটিস জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা আপনার নিকট হতে কোন সাড়া পাননি এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি, অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালার, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (সি) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি” (বর্তমান সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালার, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনাকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী “চাকুরি হতে বরখাস্তকরণ” গুরুত্বপূর্ণ আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) মোতাবেক সরকারি “চাকুরি হতে বরখাস্ত” করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭(৬) বিধি (বর্তমান সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালার, ২০১৮ এর ৭(৯) বিধি) মোতাবেক নোটিস প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এ সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা।

ডাঃ সাদিয়া শারমিন (১২৬০৮৯)

সহকারী সার্জন

মহাজনপুর উপস্বাস্থ্য কেন্দ্র

মুজিবনগর, মেহেরপুর।

(স্থায়ী ঠিকানাঃ গ্রাম-ভরঞ্জার চর, ডাকঘর-শাহতলী, থানা- চাঁদপুর সদর, জেলা- চাঁদপুর)

যোগাযোগের ঠিকানাঃ ৬৮৮/সি, মালিবাগ চৌধুরীপাড়া, ঢাকা।।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৪৫.২০১৬- ৬০/১(৬)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিভিল সার্জন, মেহেরপুর (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় লটকিয়ে জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মুজিবনগর, মেহেরপুর।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

তারিখঃ ২৫.০২.২০১৯খ্রিঃ

(শেখ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

(মোঃ ছরোয়ার হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৮-৮১

তারিখ- ২৫.০২.২০১৯ খ্রিঃ

বিষয়ঃ জনাবা নীপা চৌধুরী, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা


অভিযোগনামা

যেহেতু, আপনি জনাবা নীপা চৌধুরী, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০৯/০৭/২০১৮ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উল্লিখিত অনুপস্থিতি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ২০১৮ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'র দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।



(শেখ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

জনাবা নীপা চৌধুরী

ঔষধ তত্ত্বাবধায়ক

ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(স্থায়ী ঠিকানাঃ গ্রাম-সাউথেরশ্রী, ডাকঘর- কাদিরগঞ্জ, উপজেলা- শাল্লা, জেলা- সুনামগঞ্জ)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮২.২০১৮-৮১(১৬)

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ ভবন, মহাখালী, ঢাকা। (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক (প্রশাসন), ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ ভবন, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

তারিখ- ২৫.০২.২০১৯ খ্রিঃ


(মোঃ হুরোয়ার হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

অভিযোগ বিবরণী

আপনি জনাবা নীপা চৌধুরী, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০৯/০৭/২০১৮ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন এবং আপনি কর্তৃপক্ষকে অবহিত করেননি। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'র দায়ে অভিযুক্ত হয়েছেন।



(শেখ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৩.২০১৭-৮২

তারিখঃ ২৫.০২.২০১৯ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ তামান্না ফেরদৌস (১৩১৩৬৫), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ১৩/০৬/২০১৫ তারিখ হতে ০৭/০৭/২০১৫ পর্যন্ত বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি গ্রহণপূর্বক দেশ ত্যাগ করেন এবং এর ধারাবাহিকতায় আরো ০১ বছর বিনা বেতনে অসাধারণ ছুটি গ্রহণ করে গত ০৭/০৭/২০১৬ তারিখে ছুটি শেষ হলেও কর্মস্থলে যোগদান না করে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ০১.০৮.২০১৮ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৩.২০১৮-২৬৮ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর আবেদন করেন;


যেহেতু, গত ১৭.০২.২০১৯ খ্রিঃ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ তামান্না ফেরদৌস (১৩১৩৬৫) ব্যক্তিগত শুনানীতে সন্তোষজনক জবাব প্রদানে ব্যর্থ হয়েছেন এবং তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ তামান্না ফেরদৌস (১৩১৩৬৫), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর সরকারী কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালায় ৪(২)(খ) বিধি অনুযায়ী তার ২টি বাৎসরিক বেতন বৃদ্ধি আগামী ২ বছরের জন্য স্থগিত করার লঘু দন্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। তার ০৭/০৭/২০১৬ থেকে ১৪/০১/২০১৯ মোট ২ বছর ৬ মাস ৭ দিন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির সময়কাল বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে


(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

তারিখঃ ২৫.০২.২০১৯ খ্রিঃ

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৩.২০১৭-৮২/২৭
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিতে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপপরিচালক (শুঞ্জলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুঞ্জলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। ডাঃ তামান্না ফেরদৌস (১৩১৩৬৫), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
(স্থায়ী ঠিকানাঃ সম্প্রীতি, মহিষাবাথান উত্তরপাড়া, রাজশাহী কোর্ট, রাজপাড়া, রাজশাহী)।


(মোঃ হরোয়ার হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১০.২০১৯- ৬৩

তারিখঃ ২৫.০২.২০১৯ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন


যেহেতু, জনাব মোঃ ফারুক হোসেন, সহকারি রসায়নবিদ, ঔষধ প্রশাসন অধিদপ্তর অধীন সেন্ট্রাল ড্রাগ টেস্টিং ল্যাবরেটরি, আগ্রাবাদ, চট্টগ্রাম (প্রেষণে ড্রাগ টেস্টিং ল্যাবরেটরি, মহাখালী, ঢাকা) এর বিরুদ্ধে মিরপুর মডেল থানার মামলা নং-৩০, তারিখঃ ১২.১১.২০১৮ খ্রিঃ ধারা- নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/০৩ এর ৯(৪)(খ) মোতাবেক মামলা দায়ের করা হয়;

যেহেতু, অভিযুক্তকে মিরপুর মডেল থানার মামলা নং-৩০, তারিখঃ ১২.১১.২০১৮ খ্রিঃ ধারা- নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/০৩ এর ৯(৪)(খ) মোতাবেক গ্রেফতার করে আদালতে সোপর্দ করা হয়। তিনি গত ০২/১২/২০১৮ তারিখে জামিন প্রাপ্ত হয়েছেন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেলহাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, জনাব মোঃ ফারুক হোসেন, সহকারি রসায়নবিদ, ঔষধ প্রশাসন অধিদপ্তর অধীন সেন্ট্রাল ড্রাগ টেস্টিং ল্যাবরেটরি, আগ্রাবাদ, চট্টগ্রাম (প্রেষণে ড্রাগ টেস্টিং ল্যাবরেটরি, মহাখালী, ঢাকা)-কে বি.এস.আর.পার্ট-১ এর ৭৩ নং বিধির নোট-২ অনুযায়ী ১২.১১.২০১৮ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।




(শেখ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১০.২০১৯- ৬৩/২৫)

তারিখঃ ২৫.০২.২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ ভবন, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ ভবন, মহাখালী, ঢাকা।(ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য)।
- ৩। উপসচিব (ঔষধ প্রশাসন-১ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল]
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটসটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ এবং আলোচ্য কর্মকর্তার পিডিএস-এ উল্লিখিত ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ৬। জনাব মোঃ ফারুক হোসেন, সহকারি রসায়নবিদ, ঔষধ প্রশাসন অধিদপ্তর অধীন সেন্ট্রাল ড্রাগ টেস্টিং ল্যাবরেটরি, আগ্রাবাদ, চট্টগ্রাম (প্রেষণে ড্রাগ টেস্টিং ল্যাবরেটরি, মহাখালী, ঢাকা)।



(মোঃ ছরোয়ার হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৬.২০১৯- ৮৪

তারিখ- ২৫.০২.২০১৯ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ শামীম আরা বেগম (৪৩৪৩৫), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নন্দীগ্রাম, বগুড়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ শামীম আরা বেগম (৪৩৪৩৫), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নন্দীগ্রাম, বগুড়া গত ০৪/১০/২০১৮ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনার উল্লিখিত অনুপস্থিতি সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ২০১৮ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'র দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।


(শেখ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

ডাঃ শামীম আরা বেগম (৪৩৪৩৫)

জুনিয়র কনসালটেন্ট, গাইনী

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নন্দীগ্রাম, বগুড়া।


(স্থায়ী ঠিকানাঃ ১২১০, পূর্ব নাসিরাবাদ, থানাঃ পৌচলাইশ, ডাকঘরঃ মেডিকেল, জেলা- চট্টগ্রাম)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০০৬.২০১৯- ৮৪/২৫/১৯

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ


তারিখ- ২৫.০২.২০১৯ খ্রিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। সিভিল সার্জন, বগুড়া।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নন্দীগ্রাম, বগুড়া।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


(মোঃ হুরোয়ার হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ শামীম আরা বেগম (৪৩৪৩৫), জুনিয়র কনসালটেন্ট, গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নন্দীগ্রাম, বগুড়া গত ০৪/১০/২০১৮ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন এবং আপনি কর্তৃপক্ষকে অবহিত করেননি। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'র দায়ে অভিযুক্ত হয়েছেন।



(শেখ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)